গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই- বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণী:

১	প্রকল্পের নাম	:	**বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই ও স্যানিটেশন প্রজেক্ট।**
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৩	বাস্তবায়নকারী সংস্থা	:	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

৪.০ প্রকল্প এলাকা: দেশের ৪২টি জেলার ১০৯টি উপজেলার ৩৮৩টি ইউনিয়ন।

৫. অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকাল: ***(লক্ষ টাকায়)***

৫.১	**অনুমোদিত ব্যয়**	:	**সর্বশেষ সংশোধিত**	জিওবি	প্রকল্প সাহায্য (বিশ্ব ব্যাংক)	কমিউনিটি/স্পন্সর
	মোট	:	৩৮৪১২.১৯	১১০০.০০	৩৩৪৪৯.৮০	৩৮৬২.৩৯

৫.২	**বাস্তবায়নকাল**	:	শুরুর তারিখ	সমাপ্তির তারিখ
	মূল	:	জুলাই/২০১২	জুন/২০১৬
	সর্বশেষ সংশোধিত		জুলাই/২০১২	জুন/২০১৮

৬. প্রকল্পের উদ্দেশ্যঃ

▶ স্থানীয় সরকার প্রতিষ্ঠান, কমিউনিটি ও প্রাইভেট স্পন্সরদের সম্পৃক্ত করে পাইপের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থাকরণ;

▶ উচ্চ লবণাক্ত ও আর্সেনিক সমস্যাযুক্ত ইউনিয়ন ও গ্রাম নির্বাচন করে বিভিন্ন ধরণের পানির উৎস স্থাপন করা;

▶ নির্বাচিত ইউনিয়নসমূহের দরিদ্র জনসাধারণের জন্য কম খরচে ল্যাট্রিন নির্মাণ করা;

▶ স্থানীয় প্রাইভেট সেক্টরের মাধ্যমে নির্বাচিত গ্রামে গুণগত স্যানিটেশন ব্যবস্থা সম্পর্কে সচেতনতা শক্তিশালীকরণ; এবং

▶ উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধিকরণ।

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

ক) রাজস্ব ব্যয়:

- কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি
- পিএমইউ পরিচালনা ব্যয়
- প্রকল্প শুরু কর্মশালা এবং পরিচিতি কার্যক্রম
- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ ও কমিউনিটির সক্ষমতা বৃদ্ধি
- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এবং প্রকল্প সংশিষ্ট কর্মকর্তাগণের শিক্ষা সফর
- পানির গুণগতমান পরীক্ষা, পরিবীক্ষণ এবং সার্ভিলেন্স

- দীর্ঘ মেয়াদী পরামর্শক
- কারিগরী পরামর্শকের মাধ্যমে গ্রামীণ পাইপ ওয়াটার স্কিম সম্ভাব্যতা সমীক্ষা, সামাজিক সম্প্রসারণ, নকশা ও তদারকি

- ছোট শহর/পৌরসভার ফিজিবিলিটি স্টাডি
- স্যানিটেশন পাইলটিং
- পরিবীক্ষণ ও মূল্যায়ন পরামর্শক

- কমিউনিটি মবিলাইজেশন এবং গ্রামীণ নন-পাইপড পানি সরবরাহের কর্মপরিকল্পনা প্রণয়ন এবং স্যানিটেশন ও পরিচ্ছন্নতা বিষয়ে কমিউনিটির সচেতনতা বৃদ্ধি
- প্রকল্প নিরীক্ষা
- পিএমইউ এবং আরপিও অফিস সংস্কার
- যানবাহন ও যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ

(খ) মূলধন ব্যয়

- ভূমি উন্নয়ন
- গ্রামীণ পাইপড ওয়াটার স্কিম নির্মাণ
- আর্সেনিক এবং লবণাক্ত এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন
- দরিদ্র ও হতদরিদ্র জনসাধারণের জন্য কম খরচে ল্যাট্রিন নির্মাণ
- পর্যবেক্ষণ কূপসহ ভূ-গর্ভস্থ নিরাপদ পানি সম্পদের পরিবীক্ষণ এবং ক্যারেক্টারাইজেশন
- বিদ্যমান রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের পুনর্বাসন ও সম্প্রসারণ
- পানি পরীক্ষার জন্য ফিল্ড কিডস্ , জিপিএস
- জিপ ,ডাবল কেবিন পিক-আপ , মোটর সাইকেল, বাইসাইকেল
- একাউন্টিং সফটওয়ার এবং পিএমইউ এর আর্থিক ব্যবস্থাপনার বার্ষিক মেইন্টেনেন্স
- গ্রামীণ পাইপড সরবরাহ বিলিং ব্যবস্থার জন্য একাউন্টিং সফট্ওয়ার
- ইন্টারনেট, ই-মেইল ও পিএবিএক্স সিস্টেমসহ অফিস এবং জিও ফিজিক্যাল যন্ত্রপাতি
- কম্পিউটার এবং কম্পিউটার সরঞ্জমসহ প্রিন্টার (ডেক্সটপ এন্ড ল্যাপটপ), ফ্যাক্স, ফটোকপিয়ার

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

৮.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৮.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয়,প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতাসহ ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৮.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৮ প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর প্রযোজ্য ক্ষেত্রে সুফল সৃষ্টি হয়েছে কিনা কিংবা প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন সম্ভব কি না সে বিষয়ে মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual interview,KII(Key Informant Information) & FGD(Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে।

৮.৯ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথা-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.১০ ডিপিপি-তে বছর ভিত্তিক কর্মপরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান ;

৮.১১ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.১২ প্রকল্প হতে সুফলভোগীগণ কর্তৃক প্রাপ্ত সুবিধাদি এবং তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রকল্পের ভূমিকা পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.১৩ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

৮.১৪ প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৮.১৫ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চুড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৮.১৬ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.১৬ ইন্টারনাল অডিট;
৮.১৭ এক্সটারনাল অডিট;
৮.১৮ অডিট আপত্তি আছে কিনা, থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি;এবং
৮.১৯ আইএমইডি কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াদি।

৯.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র:	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
	ক) টিম লিডার	সিভিল কিংবা ওয়াটার রিসোর্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক; উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।	• গবেষণা পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ১ (এক)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; • ওয়াটার সাপ্লাই ও স্যানিটেশন/পাবলিক হেলথ সেক্টরে কাজের অভিজ্ঞতা; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) এবং e-GP তে কাজ করার অভিজ্ঞতা; • প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা; • উপস্থাপনা দক্ষতা (Presentation Skill);এবং • কম্পিউটারের কাজে দক্ষতা।
	খ) মিড লেভেল ইঞ্জিনিয়ার	ন্যূনতম সিভিল অথবা ওয়াটার রিসোর্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি	• সিভিল অথবা ওয়াটার রিসোর্স ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP তে কাজ করার অভিজ্ঞতা; • প্রতিবেদন প্রণয়নে দক্ষতা;এবং • কম্পিউটারে বিশেষ দক্ষতা।
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	সামাজিক বিজ্ঞান/Environmental Sciencee বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• গবেষণা পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; এবং • আর্থ-সামাজিক বা সমজাতীয় কাজে ১ বছরের অভিজ্ঞতা।
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; এবং • SPSSসহ বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা।

১০.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	